



# বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, মিলান



## কনস্যুলার ক্যাম্প সংক্রান্ত বিজ্ঞপ্তি

১৪/০১/২০২২

ইতালির উত্তরাঞ্চলীয় শহর বলোনিয়া ও তার পার্শ্ববর্তী অন্যান্য এলাকায় বসবাসরত প্রবাসী বাংলাদেশীগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২২-২৩ জানুয়ারি ২০২২ তারিখে নিম্নবর্ণিত সময় ও স্থানে ভ্রাম্যমাণ কনস্যুলার সেবা প্রদান করা হবে-

তারিখ	সময়	স্থান
২২-০১-২০২২, শনিবার	সকাল ৯.৩০টা-বিকাল ৫.৩০টা	Sala Bruno Corticelli
২৩-০১-২০২২, রবিবার	সকাল ৯.৩০টা-বিকাল ৫.৩০টা	Via Isabella Andreini-6, S Donato 40129 Bologna BO bus 20-21

### কনস্যুলার সার্ভিস প্রদান সংক্রান্ত জরুরি তথ্যাবলী

#### ১। পাসপোর্ট এনরোলমেন্ট ও নবায়ন

- ক) পাসপোর্ট নবায়নের জন্য পূর্বের মূল MRP ও এর ফটোকপিসহ এক পৃষ্ঠার রি-ইস্যু ফরম হাতে লিখে পূরণ করতে হবে। উল্লেখ্য, যাদের পাসপোর্টের মেয়াদ ৩০/০৬/২০২২ এর মধ্যে শেষ হবে কেবল তাদের আবেদন গ্রহণ করা হবে। যাদের পাসপোর্টের মেয়াদ তার চেয়ে বেশী আছে সে সকল পাসপোর্টের রি-ইস্যু আবেদন গ্রহণ করা সম্ভব হবে না।
- খ) শুধুমাত্র যাদের জন্ম ইতালিতে তাদের নতুনভাবে পাসপোর্ট আবেদন করার ক্ষেত্রে অনলাইনে পূরণকৃত আবেদনসহ জন্মনিবন্ধন সনদ/NID এবং পিতা-মাতার NID/পাসপোর্ট ও ১ কপি ছবি লাগবে।
- গ) ৬ বছরের কম বয়সী শিশুদের নতুন পাসপোর্ট করার জন্য বাংলাদেশী জন্মসনদ, অনলাইন আবেদন ও দুই কপি ছবি লাগবে, শিশুকে সাথে আনার প্রয়োজন নাই। উল্লেখ্য, টেকনিক্যাল কারণে ৬-১৫ বছর বা তদর্ধ বয়সী শিশু যাদের বর্তমানে ডিজিটাল পাসপোর্ট রয়েছে এবং যারা ছবি পরিবর্তন করতে চান তাদের রি-ইস্যু আবেদন গ্রহণ করা সম্ভব হবে না। তাদেরকে অনলাইনে অ্যাপয়েন্টমেন্ট নিয়ে মিলান-এ আসতে হবে।

- ২। সার্টিফিকেট : সার্টিফিকেটের আবেদনের সাথে পররাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক সত্যায়িত প্রয়োজনীয় সাপোর্টিং ডকুমেন্টের কপি সংযুক্ত করতে হবে এবং সাথে মূল কপি এবং মূল পাসপোর্ট দেখাতে হবে। নির্ভরশীল/ফ্যামিলি সার্টিফিকেটে যাদের নাম অন্তর্ভুক্ত হবে তাদের প্রত্যেকের জন্মনিবন্ধন সনদ/NID কপি সংযুক্ত করতে হবে। নির্ভরশীল সার্টিফিকেটের ক্ষেত্রে পরিবারের বার্ষিক আয় সংক্রান্ত ঘোষণা থাকতে হবে, ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে সার্টিফিকেট আবেদন জমা দিতে হবে, তবে কনস্যুলার ক্যাম্পে সার্টিফিকেট ডেলিভারী দেয়া সম্ভব হবে না। উক্ত সার্টিফিকেট মিলান হতে (দুপুর ২.৩০ ঘটিকার পরে) স্বশরীরে/ডেলোগার মাধ্যমে/ডাকযোগে সংগ্রহ করা যাবে।

- ৩। ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের মেম্বারশীপ সার্টিফিকেট: নিবন্ধনের জন্য [www.wewb.gov.bd](http://www.wewb.gov.bd) সাইট হতে অনলাইনে পূরণকৃত আবেদনের সাথে এক কপি ছবি, পাসপোর্ট ও সোজর্ন এর কপি জমা দিতে হবে।

- ৪। নো-ভিসা: নো-ভিসার জন্য [www.visa.gov.bd](http://www.visa.gov.bd) সাইট হতে অনলাইনে পূরণকৃত আবেদন, ছবি ও বাংলাদেশী পাসপোর্টের কপি জমা দিতে হবে।

- ৫। জন্ম নিবন্ধন : যাদের জন্ম ইতালিতে তাদের বাংলাদেশ জন্মনিবন্ধন করার জন্য [www.bdris.lgd.gov.bd](http://www.bdris.lgd.gov.bd) সাইটে গিয়ে অনলাইনে ফরম পূরণ করে জমা দিতে পারবেন। জন্মনিবন্ধন সার্টিফিকেট (ফি- ইউরো ১.০০) মিলান হতে গ্রহণ করতে হবে।

#### ৫। পাসপোর্ট ও অন্যান্য ডকুমেন্ট ডেলিভারি

যারা কনস্যুলার ক্যাম্প হতে ইতোমধ্যে প্রস্তুতকৃত পাসপোর্ট ডেলিভারি নিতে চান তাদেরকে, মিশনের ফেসবুকে ইতিমধ্যে বিভিন্ন সময়ে প্রকাশিত তালিকায় নাম থাকলে, আগামী ২২ জানুয়ারি ২০২২ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে ৩৫১ ১৮৪ ১২৩০ নম্বরে SMS করে নাম ও পাসপোর্ট এনরোলমেন্ট নম্বর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, বর্ণিত নম্বরে শুধুমাত্র SMS গ্রহণ করা হবে, কোনো কল রিসিভ করা সম্ভব হবে না। পাসপোর্ট সংগ্রহের সময় (২২ জানুয়ারি ২০২২ দুপুর ২.৩০ ঘটিকার পরে) মূল রসিদ ও পুরাতন মূল পাসপোর্ট সংগে আনতে হবে।

#### ৬। সেবা সংক্রান্ত ফি সমূহ (শুধুমাত্র বাংকোমার্ট এর মাধ্যমে পরিশোধযোগ্য):

সেবার নাম	ফি (ইউরো)
পাসপোর্ট এনরোলমেন্ট ও নবায়ন	সাধারণ-€৯৪.০০ এবং ছাত্র/ছাত্রী-€২৮.০০ (শিক্ষা প্রতিষ্ঠানের প্রত্যয়ন সাপেক্ষে)
নো ভিসা	€৫০.০০
সার্টিফিকেট/ আমমোজারনামা	€২৮.০০
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের মেম্বারশীপ সার্টিফিকেট	€৪০.০০
সত্যায়ন	€৩.০০

- ৭। স্বাস্থ্য বিধি: সকল সেবা প্রার্থীকে আবশ্যিকভাবে মাস্ক পরতে হবে, হ্যান্ড স্যানিটাইজার দিয়ে দুই হাত জীবানুমুক্ত করতে হবে এবং ন্যূনতম ৩ ফুট সামাজিক দূরত্ব বজায় রাখতে হবে।

#### আরও জ্ঞাতার্থে :

\*\* শুধুমাত্র পরিবর্তনহীন পাসপোর্ট নবায়নের আবেদন গ্রহণ করা হবে এবং ৬ বছরের কম বয়সী বাচ্চাদের নতুন পাসপোর্টের আবেদন (অথবা নবায়ন আবেদন) গ্রহণ করা হবে। ৬ বছরের বেশী বয়সী বাচ্চাদের অ্যাপয়েন্টমেন্ট নিয়ে ছবি তোলার জন্য মিলানে আসতে হবে।

\*\* বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, মিলান নিজ ব্যবস্থাপনা ও উদ্যোগে কনস্যুলার ক্যাম্প পরিচালনা করবে। সেবাপ্রার্থীগণকে শুধুমাত্র সরকারি ফি (কনস্যুলার ক্যাম্পের কাউন্টার) ছাড়া অন্য কোন প্রকার আর্থিক লেনদেন না করার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

